গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

**৩৮ বিসিএস মৌখিক পরীক্ষা**
**[প্রার্থীর সাক্ষাৎকারপত্র]**

নথি নম্বর-৮০.২০০.০৬০.০০.০০.০৯২.২০১৭-৪৪১

তারিখ : ২৭.০৮.২০১৯

**বিষয় : ৩৮তম বিসিএস-এর মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র।**

৩৮তম বিসিএস পরীক্ষা-২০১৭ এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী ........................................................................, রেজিস্ট্রেশন নম্বর.................. কে নিম্নে উল্লিখিত তারিখ, সময় ও স্থানে মৌখিক পরীক্ষার জন্য উপস্থিত হতে অনুরোধ করা যাচ্ছে:

**মৌখিক পরীক্ষার তারিখ : ........................ খ্রি:।**

**সময় : সকাল ১০-০০ টা।**

**স্থান :** বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

**২.** এই সাক্ষাৎকারপত্রটি এবং ৩৮তম বিসিএস এর প্রিলিমিনারি টেস্টের জন্য অনলাইনে প্রাপ্ত ছবি সংবলিত প্রবেশপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।

**৩.** ৩৮তম বিসিএস এর জন্য নির্ধারিত অনলাইন ফরম [BPSC Form-1] এর সাথে প্রার্থীকে নিম্নোক্ত সনদ/প্রত্যয়নপত্র/ডকুমেন্টস এর **২ (দুই) সেট** সত্যায়িত কপি মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে এবং মূল সনদসমূহ বোর্ডে প্রদর্শন করতে হবে; অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না :

**[ নিম্নের ক্রমনম্বর অনুযায়ী কাগজপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিটি ডকুমেন্ট এর উপর সংশ্লিষ্ট ডকুমেন্টের ক্রমনম্বর লিখতে হবে ]**

১. প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত **অনধিক তিন মাস পূর্বে তোলা** তিনকপি পাসপোর্ট সাইজের ছবি BPSC Form-1 এর প্রথম পৃষ্ঠায় নির্দেশিত স্থানে সংযুক্ত করতে হবে।

২ বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। 'ও' লেভেল এবং 'এ' লেভেল করা প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত মার্কশিট/সনদ/জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি। **[বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না]**

৩. শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ (ক) শিক্ষা বোর্ড (এইচ.এস.সি/সমমান) এবং (খ) বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি।

৪. চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি ৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে।

৫. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে ২০.০৬.২০১৭ তারিখে প্রকাশিত ৩৮তম বিসিএস পরীক্ষার বিজ্ঞাপনের ১খ অনুচ্ছেদে অনুযায়ী সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি। [ প্রযোজ্য প্রার্থীর ক্ষেত্রে ]।

৬. এমবিবিএস/বিডিএস ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিএমডিসি কর্তৃক প্রদত্ত মূল রেজিস্ট্রেশন সনদ এবং ডিভিএম ডিগ্রিধারীদের ক্ষেত্রে ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদের একটি সত্যায়িত ফটোকপি। [ প্রযোজ্য প্রার্থীর ক্ষেত্রে ]।

৭. আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানার সাথে বিএমডিসি/ভেটেরিনারি কাউন্সিলের সনদে উল্লিখিত ঠিকানায় পরিবর্তন হয়ে থাকলে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর, নোটারি পাবলিক অথবা প্রথম শ্রেণির (গ্রেড-৯) সরকারী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি।

৮. যে সকল প্রার্থী অবতীর্ণ (appeared) প্রার্থী হিসেবে শর্তসাপেক্ষে আবেদন করেছেন তাদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ের সকল লিখিত পরীক্ষা ৩৮তম বিসিএস পরীক্ষার আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যে (১০.০৮.২০১৭) সম্পূর্ণরূপে শেষ হয়েছে মর্মে সংশ্লিষ্ট পরীক্ষা নিয়ন্ত্রক/বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় চেয়ারম্যান বা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখ সংবলিত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি। লিখিত পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখ বিহীন প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য নয় [ প্রযোজ্য প্রার্থীর ক্ষেত্রে ]।

৯. ৩৮তম বিসিএস পরীক্ষার বিজ্ঞাপনের ৩১ নম্বর অনুচ্ছেদে অনুযায়ী প্রার্থীর ওজন (কিলোগ্রাম), উচ্চতা (সেন্টিমিটার) ও বুকের মাপ (সেন্টিমিটার) সম্পর্কে বিএমডিসি রেজিস্ট্রার্ড মেডিকেল প্রাকটিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি। প্রত্যয়নপত্রে মেডিকেল প্রাকটিশনারের রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে।

১০. কোনো প্রার্থী বর্তমানে কোনো সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত/স্থানীয় সরকার সংস্থার চাকরিতে নিযুক্ত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের (clearance certificate) সত্যায়িত কপি। [ ছাড়পত্রের ফরমেট কমিশনের ওয়েবসাইট হতে প্রার্থীগণকে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে ] ( প্রযোজ্য প্রার্থীর ক্ষেত্রে )।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:

১১. ২০.০৬.২০১৭ তারিখে প্রকাশিত ৩৮তম বিসিএস পরীক্ষার বিজ্ঞাপনের ২৪ খ এবং ২৪ গ উপানুচ্ছেদ অনুযায়ী সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত কপি [ প্রযোজ্য প্রার্থীর ক্ষেত্রে ] ।

১২. প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি। জেলা প্রশাসক ব্যতীত অন্য কারো প্রদত্ত সনদ গ্রহণযোগ্য হবে না [ প্রযোজ্য প্রার্থীর ক্ষেত্রে ] ।

১৩. প্রার্থী প্রতিবন্ধী হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি [ প্রযোজ্য প্রার্থীর ক্ষেত্রে ]।

১৪. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬-০২-২০০২ তারিখের মুঃবিঃম/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/ মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি;

অথবা

১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি ।
[ “মুক্তিযোদ্ধা কোটা” দাবির ক্ষেত্রে ]।

১৫. মুক্তিযোদ্ধা সনদধারীর জন্ম তারিখ সংবলিত এসএসসি বা সমমানের সনদ/এসএসসি বা সমমান পরীক্ষায় পাস না হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সার্টিফিকেট/জন্ম তারিখ সংবলিত প্রামাণিক দলিল এবং মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রেজিস্ট্রেশন নম্বর, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্ম তারিখ এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে হাতে লিখতে হবে ["মুক্তিযোদ্ধা কোটা" দাবির ক্ষেত্রে ] ।

১৬. স্থায়ী ঠিকানার সপক্ষে স্ব-স্ব সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি ।

১৭. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যাদের পুত্র কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত ২টি কপি। [ “মুক্তিযোদ্ধা কোটা” দাবির ক্ষেত্রে ]।

১৮. মুক্তিযোদ্ধার পুত্র কন্যা, পুত্র কন্যাদের পুত্র কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীদের পিতা/পিতামহ-পিতামহির/মাতা/মাতামহ-মাতামহির মুক্তিযোদ্ধার সনদে উল্লিখিত ঠিকানার সাথে আবেদনপত্রে [BPSC Form-1] উল্লিখিত স্থায়ী ঠিকানা ভিন্ন হলে মুক্তিযোদ্ধা সনদে উল্লিখিত মুক্তিযুদ্ধকালীন ঠিকানার সপক্ষে এবং পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে উভয় সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত দু'টি ভিন্ন ভিন্ন প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি [ “মুক্তিযোদ্ধা কোটা” দাবির ক্ষেত্রে ]।

১৯. অনলাইনে BPSC Form-1-এ প্রার্থী কর্তৃক প্রদত্ত চাকরির ক্যাডার অপশন সংবলিত Applicant's copy এর একটি কপি ।

২০. প্রাক্ চাকরি বৃত্তান্ত যাচাই ফরম (পুলিশ ভেরিফিকেশন ফরম) কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করে ফরমের সকল তথ্য পূরণ করে সংশ্লিষ্ট কাগজপত্রসহ ফরমের তিন কপি মৌখিক পরীক্ষার দিন সংশ্লিষ্ট বোর্ডে দাখিল করতে হবে ।

২১. অনলাইনে পূরণকৃত ও স্বাক্ষরিত BPSC Form-3 এর ২ (দুই) টি কপি ।

২২. উপরে উল্লিখিত প্রতিটি সনদ/প্রত্যয়নপত্র/ডকুমেন্টস এর মূল কপি মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থাপন বাধ্যতামূলক ।

৪. কমিশনের মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হওয়ার জন্য কোনো প্রকার ভ্রমণভাতা বা অন্য কোনো ভাতা প্রদান করা হবে না ।

৫. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) প্রার্থীর জন্য মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগযন্ত্র সহ প্রবেশ এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ ও শাস্তিযোগ্য অপরাধ ।

৬. প্রার্থী কর্তৃক কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ ।

৭. মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা হবে না ।

**[আ.ই.ম. নেছার উদ্দিন]**
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]